

## রাবি শিক্ষক সমিতি

নির্বাচনে হলুদ

প্যানেলের

নিরঙ্কুশ জয়

রাবি সংবাদদাতা । রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শিক্ষক সমিতির নির্বাচনে নিরঙ্কুশ জয় পেয়েছে আওয়ামীপন্থী মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজের হলুদ প্যানেল। ১৫ পদের মধ্যে একটি সদস্য পদ বাদে সভাপতি-সাধারণ সম্পাদকসহ চৌদ্দটিতেই জয়ী হয়েছে তারা।

শনিবার সকাল আটটা থেকে দুপুর দুটা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের জুবেরী ভবনের শিক্ষক লাউঞ্জে ভোটগ্রহণ হয়। ভোট শেষে সন্ধ্যা সাতটার দিকে ফল ঘোষণা করা হয়।

নির্বাচনের পর্দাচালক অধ্যাপক ড. এম হাবিবুর রহমান এ ফল ঘোষণা করেন। এতে ৪৭৬ ভোট পেয়ে সভাপতি নির্বাচিত হন হলুদ প্যানেলের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. আনন্দ কুমার সাহা। ৪৯১ ভোট পেয়ে সাধারণ সম্পাদক হয়েছেন প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মহা. রেজাউল করিম। এছাড়া সহ-সভাপতি পদে পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক রফিকুল আহসান রশ্মি (৫২৬), কোষাধ্যক্ষ পদে মার্কেটিং বিভাগের ড. ওমর ফারুক সরকার (৫২২), যুগ্মসম্পাদক গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শাভিল সিরাজ (৪৯৮) নির্বাচিত হয়েছেন।

এছাড়া ১০ সদস্য পদে বিজয়ীরা হলেন অধ্যাপক ড. মিজানুর রহমান খান, ড. ফিরোজ আলম, ড. একেএম আখতার হোসেন, সৈয়দা নুসরাত জাহান, ড. রেজাউল করিম, শেখ মোঃ নূরউল্লাহ, ড. আব্দুল আলীম, ড. মর্তুজা খালেদ ও আনসার উদ্দিন। এছাড়া বিএনপি-জামায়াতপন্থী শিক্ষকদের সাদা প্যানেল থেকে একমাত্র বিজয়ী সদস্য হলেন সনজিদা মঈদ রুনা।